# সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ১৩০৬

৩. নামায (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৪৫. তাশাহ্হুদের বর্ণনা এবং তা পড়া ওয়াজিব এবং এ সম্পর্কে বিভিন্ন রিওয়ায়াত

بَابُ صِفَةِ التَّشَهُّدِ وَوُجُوبِهِ وَاخْتِلَافِ الرِّوَايَاتِ فِيهِ

আরবী

وَأَمَّا حَدِيثُ شَبَابَةَ عَنْ زُهَيْرٍ فَحَدَّثَنَا إِسْمَاعِيلُ بْنُ مُحَمَّدٍ الصَّفَّارُ ، ثَنَا الْحَسَنُ بْنُ مُكْرَمٍ ، ثَنَا شَبَابَةُ بْنُ سَوَّارٍ ، ثَنَا أَبُو خَيْثَمَةَ زُهَيْرُ بْنُ مُعَاوِيَةَ ، ثَنَا الْحَسَنُ بْنُ الْحُرِّ عَنِ الْقَاسِمِ بْنِ مُخَيْمِرَةَ قَالَ أَخَذَ عَلْقَمَةُ بِيَدِي فَقَالَ : أَخَذَ عَبْدُ اللَّهِ بْنُ مَسْعُودٍ بِيَدِي وَقَالَ : أَخَذَ رَسُولُ اللَّهِ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ بِيَدِي فَعَلَّمَنِي التَّشَهُّدَ " التَّحِيَّاتُ لِلَّهِ وَالصَّلَوَاتُ وَالطَّيِّبَاتُ السَّلَامُ عَلَيْكَ أَيُّهَا النَّبِيُّ وَرَحْمَةُ اللَّهِ وَبَرَكَاتُهُ السَّلَامُ عَلَيْنَا وَعَلَى عِبَادِ اللَّهِ الصَّالِحِينَ أَشْهَدُ أَنْ لَا إِلَهَ إِلَّا اللَّهُ وَأَشْهَدُ أَنَّ مُحَمَّدًا عَبْدُهُ وَرَسُولُهُ " . قَالَ عَبْدُ اللَّهِ : فَإِذَا قُلْتَ ذَلِكَ فَقَدْ قَضَيْتَ مَا عَلَيْكَ مِنَ الصَّلَاةِ فَإِنْ شِئْتَ أَنْ تَقُومَ فَقُمْ وَإِنْ شِئْتَ أَنْ تَقْعُدَ فَاقْعُدْ

شَبَابَةُ ثِقَةٌ وَقَدْ فَصَّلَ آخِرَ الْحَدِيثِ جَعَلَهُ مِنْ قَوْلِ ابْنِ مَسْعُودٍ وَهُوَ أَصَحُّ مِنْ رِوَايَةِ مَنْ أَدْرَجَ آخِرَهُ فِي كَلَامِ النَّبِيِّ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ وَاللَّهُ أَعْلَمُ. وَقَدْ تَابَعَهُ غَسَّانُ بْنُ الرَّبِيعِ فَرَوَاهُ عَنِ ابْنِ ثَوْبَانَ عَنِ الْحَسَنِ بْنِ الْحُرِّ كَذَلِكَ وَجَعَلَ آخِرَ الْحَدِيثِ مِنْ كَلَامِ ابْنِ مَسْعُودٍ وَلَمْ يَرْفَعْهُ إِلَى النَّبِيِّ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ

বাংলা

১৩০৬(১২). ইসমাঈল ইবনে মুহাম্মাদ আস-সাফফার (রহঃ) ... আল-কাসেম ইবনে মুখাইমিরা (রহঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আলকামা (রহঃ) আমার হাত ধরে বললেন, আবদুল্লাহ ইবনে মাসউদ (রাঃ) আমার হাত ধরে বলেছেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমার হাত ধরে আমাকে তাশাহহুদ শিক্ষা দিয়েছেনঃ “আত্তাহিয়্যাতু লিল্লাহি ওয়াস-সালাওয়াতু ওয়াত-তয়্যিবাতু। আসসালামু আলাইকা আয়্যুহান-নাবিয়্যু ওয়া রহমাতুল্লাহি

ওয়া বারাকাতুহু। আসসালামু আলাইনা ওয়া আলা ইবাদিল্লাহিস-সালিহীন। আশহাদু আল-লা ইলাহা ইল্লাল্লাহু ওয়া আশহাদু আন্না মুহাম্মাদান আবদুহু ওয়া রাসূলুহু”। আবদুল্লাহ (রাঃ) বলেন, যখন তুমি এই তাশাহহুদ পড়লে তখন তোমার নামাযে যা কর্তব্য ছিল তা পূর্ণ করলে। এখন তুমি চলে যেতে চাইলে যেতে পারো অথবা বসে থাকলে চাইলে বসতে পারো।

শাবাবা (রহঃ) নির্ভরযোগ্য রাবী, তিনি হাদীসের শেষাংশ পৃথক করে বর্ণনা করেছেন এবং এই শেষাক্ত অংশকে ইবনে মাসউদ (রাঃ)-এর উক্তি হিসেবে চিহ্নিত করেছেন। এটা সেই রাবীর বর্ণনার তুলনায় অধিক সহীহ, যিনি এই হাদীসের শেষাংশকে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর (হাদীসের) মধ্যে অনুপ্রবেশ করিয়েছেন। আল্লাহই সর্বাধিক জ্ঞাত। গাসসান ইবনুর রবী’ (রহঃ) প্রমুখ তার অনুকরণ করেছেন এবং তারা এই হাদীস ইবনে ছাওবান-আল-হাসান ইবনুল হুর (রহঃ) সূত্রে এরূপই বর্ণনা করেছেন। আর তারা হাদীসের শেষাংশকে ইবনে মাসউদ (রাঃ)-এর উক্তিরূপে নির্ধারণ করেছেন এবং মারফুরূপে বর্ণনা করেননি।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ কাসিম ইবনে মুখাইমিরা (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=81095

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন